দৈনিক খবর

তারিখ 20 DEC 1999
পৃষ্ঠা ৬ কলাম ৫



সুনামগঞ্জে বুলচান্দ হাই স্কুল (উপরে) নীচে ছাত্রাবাস

## সুনামগঞ্জ বুলচান্দ হাইস্কুলের হাল

# অর্থাভাবে ছাত্রাবাস ভাড়া দেয়া হয়েছে

।। ফারুক কাজী ।।

সুনামগঞ্জঃ প্রায় দুই একর জমির ওপর ১৯৩৮ সালে স্থাপিত সুনামগঞ্জ জেলা শহরের বেসরকারী বিদ্যাপীঠগুলোর অন্যতম বুলচান্দ উচ্চ বিদ্যালয় বা বিসি স্কুলটি অর্থাভাবে বন্ধ হবার উপক্রম।

পূর্বে আসন অতিরিক্ত ছাত্রের সমাবেশ থাকলেও ৭/৮ বছর যাবত ছাত্রের সংখ্যা ক্রমান্বয়ে হ্রাস পাচ্ছে। বর্তমানে ৬ষ্ঠ শ্রেণী হতে দশম শ্রেণী পর্যন্ত ২৫০ জন ছাত্রের জন্য প্রধান শিক্ষকসহ মাত্র ৯ জন শিক্ষক, ১ জন কেরাণী ও ৩ জন চতুর্থ শ্রেণীর কর্মচারী রয়েছেন। ১৯৭৪ সালের প্রবল ঘূর্ণিঝড়ে তৎকালীন বিদ্যালয় ভবন সম্পূর্ণ বিনষ্ট হলে জমাকৃত টাকা দিয়ে বিদ্যালয় ভবন পুনঃনির্মাণ করা হয়। এতে বিদ্যালয়ের অর্থনৈতিক মেরুদণ্ড সম্পূর্ণ বিনষ্ট হয়। সাথে সাথে ছাত্ররাও অন্য প্রতিষ্ঠানে চলে যেতে শুরু করে।

প্রধান শিক্ষক ক্ষীরেন্দ্র চন্দ্র ভট্টাচার্য্যের আলাদা কক্ষ নেই। শিক্ষকদের বসার কোন মিলনায়তন নেই। লাইব্রেরীর জন্য যথেষ্ট পরিমাণ বই থাকলেও বিদ্যালয়ে কোন পাঠাগার কক্ষ নেই। নেই ছাত্রদের খেলার কোন মাঠ। বিদ্যালয়ের চতুর্দিকে শুধু নেই নেই রব। এর মধ্যেও ছাত্রদেরকে সুশিক্ষিত করে তোলার জন্য একনিষ্ঠভাবে শিক্ষাদানে ব্রত রয়েছেন দুই যুগেরও অধিক শিক্ষকতায় অভিজ্ঞতাসম্পন্ন ৯ জন শিক্ষক। অথচ উক্ত শিক্ষকগণ গত ৮ মাস যাবত বেতন পাচ্ছেন না। সরকারী অনুদান হতে যা পাওয়া যায় তাতে প্রারম্ভিক বেতনের ৭০% এ কোন প্রকারে শিক্ষকগণ চলছেন। বিদ্যালয়টি বর্তমানে একমাত্র ২৫০ জন ছাত্রের বেতনের ওপর নির্ভরশীল। অর্থাভাবে বিদ্যালয়ের একমাত্র ছাত্রাবাসটি বর্তমানে ভাড়া দেয়া হয়েছে। স্থানীয় বিদ্যালয়টি অচিরেই ধ্বংসে হয়ে যাবে।